# চা বুলেটিন

বাংলাদেশ চা বোর্ড | আগস্ট ২০২২

দ্বিতীয় জাতীয় চা দিবস সংখ্যা




# বর্ণাঢ্য আয়োজনে দ্বিতীয় জাতীয় চা দিবস উদ্‌যাপন

বাণিজ্য মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ চা বোর্ড-এর উদ্যোগে 'চা দিবসের সংকল্প, সমৃদ্ধ চা শিল্প' প্রতিপাদ্য নিয়ে গত ০৪ জুন ২০২২ তারিখে বর্ণাঢ্য আয়োজনে উদ্‌যাপিত হয়েছে ২য় জাতীয় চা দিবস ২০২২। ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে সকাল ১১:০০ টায় বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি চা দিবসের শুভ উদ্বোধন করেন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি স্বাগত বক্তব্য রাখেন। এছাড়া বাংলাদেশীয় চা সংসদ-এর সভাপতি জনাব এম শাহ আলম, টি ট্রেডার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ (টিটিএবি)-এর সভাপতি জনাব ওমর হান্নান ও এফবিসিসিআই-এর সভাপতি জনাব মো. জসিম উদ্দীন আলোচনা অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন।



মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয়কে ফুল দিয়ে বরণ




অতিথিদের একাংশ



মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী মহোদয়কে ফুল দিয়ে বরণ



আগত অতিথিবৃন্দ কর্তৃক বঙ্গবন্ধু কর্নার পরিদর্শন



বক্তব্য রাখছেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি



বক্তব্য রাখছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক
কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি



বক্তব্য রাখছেন বাণিজ্য মন্ত্রণালয়ের
সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ



স্বাগত বক্তব্য রাখছেন চা বোর্ডের চেয়ারম্যান
মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি



বক্তব্য রাখছেন টিটিএবি-এর সভাপতি
জনাব ওমর হান্নান



বক্তব্য রাখছেন এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট
জনাব মো. জসিম উদ্দীন




'বাংলাদেশ টি'-এর
মোড়ক উন্মোচন



আমন্ত্রিত অতিথিবৃন্দ কর্তৃক চা মেলা পরিদর্শন



সম্মাননা স্মারক গ্রহণ করছেন ব্যবস্থাপনা পরিচালক, ইস্পাহানি টি লিমিটেড



সম্মাননা স্মারক গ্রহণ করছেন নির্বাহী চেয়ারম্যান,
ডানকান ব্রাদার্স বাংলাদেশ লিমিটেড



সম্মাননা স্মারক গ্রহণ করছেন নির্বাহী পরিচালক, আবুল খায়ের গ্রুপ



সম্মাননা স্মারক গ্রহণ করছেন পরিচালক, কাজী এন্ড কাজী টি এস্টেট লিমিটেড



সম্মাননা স্মারক গ্রহণ করছেন প্রধান নির্বাহী কর্মকর্তা, ফিনলে



সম্মাননা স্মারক গ্রহণ করছেন নির্বাহী পরিচালক, সিটি গ্রুপ



সম্মাননা স্মারক গ্রহণ করছেন জেনারেল ম্যানেজার, ইউনিলিভার বাংলাদেশ



সম্মাননা স্মারক গ্রহণ করছেন সহসভাপতি, টিপিটিএবি



সম্মাননা স্মারক গ্রহণ করছেন ব্যবস্থাপনা পরিচালক, এনটিসি



সম্মাননা স্মারক গ্রহণ করছেন সহসভাপতি,
বাংলাদেশ বটলিফ টি ফ্যাক্টরি ওনার্স এসোসিয়েশন



সম্মাননা স্মারক গ্রহণ করছেন সভাপতি,
বাংলাদেশ স্মল টি গার্ডেন ওনার্স এসোসিয়েশন



আমন্ত্রিত অতিথিদের একাংশ




চা দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য পরিবেশনা



চা মেলায় দর্শনার্থীদের একাংশ



লিফলেট বিতরণ

## পঞ্চগড়ে চা দিবস




বর্ণাঢ্য র‍্যালি




আলোচনা সভায় বক্তব্য রাখছেন পঞ্চগড়ের জেলা প্রশাসক
জনাব মো: জহুরুল ইসলাম



পঞ্চগড়ে চা মেলায় স্টল পরিদর্শন করছেন আমন্ত্রিত অতিথিরা

## চট্টগ্রামে চা দিবস



বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রামে আয়োজিত চা দিবসের আলোচনা সভায় বক্তারা

## বিটিআরআই- এ চা দিবস




বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটে (বিটিআরআই) চা দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি

## লালমনিরহাটে চা দিবস




লালমনিরহাটে চা দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি




আলোচনা সভায় বক্তব্য রাখছেন মৌলভীবাজার জেলার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব তানিয়া সুলতানা



আলোচনা সভায় বক্তব্য রাখছেন লালমনিরহাটের জেলা প্রশাসক
জনাব মো: আবু জাফর

# যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত



জাতির পিতার অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ




শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন চা বোর্ডের চেয়ারম্যান

বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রামে গত ১৫ আগস্ট, ২০২২ তারিখে যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে চা বোর্ড প্রাঙ্গণে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন, জাতির পিতার অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, ডকুমেন্টারি প্রদর্শন, আলোচনা সভা এবং বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

## শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গত ৫ আগস্ট ২০২২ তারিখে বাংলাদেশ চা বোর্ড-এ শেখ কামাল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান, বিশেষ দোয়া মাহফিল ও ভলিবল টুর্নামেন্টসহ দিনব্যাপী কর্মসূচি পালন করা হয়।



শহিদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



'বাংলাদেশ টি' (গ্রিন টি)-এর ব্যাগ ইন ব্যাগ টি ব্যাগ-এর নতুন মোড়ক উন্মোচন (২২.০৮.২০২২খ্রি.)

## পঞ্চগড়ে চা চোরচালান বন্ধে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

পঞ্চগড়ে কারখানায় উৎপাদন করা চা অবৈধভাবে দেশের বিভিন্ন জেলায় পাঠানোর সময় কুরিয়ার সার্ভিস থেকে পিকআপসহ ২০৪ বস্তা চা জব্দ করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় যথাযথ কাগজপত্র দেখাতে না পারায় প্রতিষ্ঠানের গোডাউন সিলগালা করা হয়েছে। গত ২২ আগস্ট, ২০২২ তারিখে জেলার উত্তর মিঠাপুকুর এলাকায় ফায়ার সার্ভিস স্টেশন রোডের সওদাগর এক্সপ্রেস কুরিয়ার সার্ভিসে এ অভিযান পরিচালনা করা হয়। এ সময় ভ্রাম্যমাণ আদালতের নেতৃত্ব দেন পঞ্চগড় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মো: মাসুদুল হক। সরকারের রাজস্ব ফাঁকি ও চা চোরাচালান প্রতিরোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।



সওদাগর এক্সপ্রেস কুরিয়ার সার্ভিসে জব্দকৃত চা পরিদর্শন

## পঞ্চগড়ে পাতার নির্ধারিত মূল্য নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান



চা কারখানায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান

পঞ্চগড় সদরে উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: মাসুদুল হক গত ২৬.০৭.২০২২ তারিখে মরগেন টি ফ্যাক্টরি ও সাজেদা রফিক টি ফ্যাক্টরিতে "কাঁচা চা পাতা মূল্য নির্ধারণ কমিটি" কর্তৃক সর্বশেষ ধার্যকৃত মূল্য প্রদর্শন না করা ও নির্ধারিত মূল্যের কম মূল্যে কৃষকদের নিকট থেকে চা পাতা ক্রয় করায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী কারখানা দুটিকে যথাক্রমে ১২ হাজার টাকা ও ৫ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। এ সময় বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড় কার্যালয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ শামীম আল মামুন উপস্থিত ছিলেন। জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## চায়ের গুণগতমান উন্নয়নে টি টেস্টিং অধিবেশন অনুষ্ঠিত




টি টেস্টিং অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চা বোর্ডের চেয়ারম্যান

চায়ের গুনগত মান উন্নয়নের লক্ষ্যে গত ৩০ জুলাই ২০২২ তারিখে বিটিআরআই টি টেস্টিং রুমে উন্মুক্ত চা আস্বাদনী (টি টেস্টিং) অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। বিটিআরআই কর্তৃক আয়োজিত দেশের ৭৩টি চা বাগানের অংশগ্রহণে উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অধিবেশনে বিভিন্ন ভ্যালির ৭৩টি চা বাগান অংশগ্রহণ করে। বিটিআরআই-এর বিজ্ঞানীগণ চায়ের মান যাচাই শেষে অংশগ্রহণকারী বাগানগুলোকে তাদের চায়ের গুণাগুণ সম্পর্কে লিখিত রিপোর্ট প্রদান ও প্রয়োজনীয় পরামর্শ দেন।

## 'শিক্ষাবৃত্তি' এবং কল্যাণ তহবিল থেকে অনুদান প্রদান



শিক্ষার্থীদের বৃত্তির চেক হস্তান্তর

- চা বাগানের শ্রমিক সন্তানদের "বাংলাদেশ চা বাগান শ্রমিক শিক্ষা ট্রাস্ট" থেকে এগার লক্ষ ত্রিশ হাজার টাকা 'শিক্ষাবৃত্তি-২০২১' প্রদান করেছে বাংলাদেশ চা বোর্ড। শিক্ষা গ্রহণে উৎসাহ প্রদান ও শিক্ষার মানোন্নয়নে এ বছর ৯৮টি চা বাগানের ২য় থেকে ৮ম শ্রেণি পর্যন্ত মোট ১,৯৮২ জন শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়েছে।
- বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল থেকে দেশের চা বাগানের শ্রমিকদের ২০২১-২২ অর্থবছরে চৌদ্দ লক্ষ একুশ হাজার টাকা অনুদান বিতরণ করেছে বাংলাদেশ চা বোর্ড। এ বছর এসএসসি, এইচএসসি ও স্নাতক পর্যায়ের মোট ৩১৮ জন শিক্ষার্থীকে শিক্ষা অনুদান, ৬১ জন শ্রমিককে কন্যা বিবাহ অনুদান এবং ৩৪ জনকে বিশেষ কল্যাণ অনুদান প্রদান করা হয়।

## শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২



শুদ্ধাচার পুরস্কার সম্মাননা ক্রেস্ট ও সনদ তুলে দিচ্ছেন চা বোর্ডের চেয়ারম্যান

বাংলাদেশ চা বোর্ড-এ ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে জনসেবা প্রদান এবং কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে গ্রেড ০২ থেকে ০৯ ক্যাটাগরিতে জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা মো: রাজিবুল হাসান; গ্রেড ১০ থেকে ১৬ ক্যাটাগরিতে যৌথভাবে স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর মো: ইয়াসিন আরাফাত ও অফিস সহকারী কাম কম্পিউটার আপারেটর মো: আমিনুল ইসলাম এবং গ্রেড ১৭ থেকে ২০ ক্যাটাগরিতে অফিস সহায়ক মো: আমিনুর ইসলামকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।






হাউস অব লর্ডস-এ বক্তব্য রাখছেন চা বোর্ডের চেয়ারম্যান



বাংলাদেশি চায়ের প্রদর্শনী

# ইউকে পার্লামেন্ট, হাউস অফ লর্ডসে চা বাণিজ্য বিষয়ক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত



চা ব্যবসায়ীদের সাথে আলাপচারিতা

যুক্তরাজ্যে বাংলাদেশের চা রপ্তানি পুনরুজ্জীবিত করা এবং দেশের চা খাতে ব্রিটিশ বিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গত ২৭ জুন ২০২২ তারিখে ইউকে পার্লামেন্টের হাউস অফ লর্ডসে "Reviving Bangladesh-UK Tea Trade" শীর্ষক একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ হাইকমিশন, লন্ডন এবং লন্ডন টি এক্সচেঞ্জ নামক একটি প্রতিষ্ঠানের অংশীদারিত্বে আয়োজিত উক্ত বৈঠকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি; বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মোঃ আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি; যুক্তরাজ্যে বাংলাদেশ হাইকমিশনের হাইকমিশনার সাঈদা মুনা তাসনিম, হাউস অফ লর্ডসের সদস্যবৃন্দ, ব্রিটিশ চা আমদানিকারকবৃন্দ, লন্ডন টি এক্সচেঞ্জ এর সিইও শেখ অলিউর রহমান এবং ব্যবসায়ীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে দেশের চা শিল্পের বর্তমান পরিস্থিতি ও রপ্তানি সম্ভাবনা বিষয়ে বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান বলেন, বৈশ্বিক চাহিদার কথা বিবেচনায় রেখে দেশে গুণগতমানের ব্ল্যাক টি, গ্রিন টি, অর্থোডক্স টি, হোয়াইট টি-সহ ভ্যালু এডেড চা তৈরি হচ্ছে। এসব চায়ের চাহিদা দেশের পাশাপাশি বিদেশেও রয়েছে। এ বৈঠকের মাধ্যমে আমদানিকারকদের মধ্যে বাংলাদেশি চায়ের পরিচিতি বৃদ্ধি এবং ইউরোপের বাজারে চা রপ্তানির সুযোগ সৃষ্টি হয়েছে।

গোলটেবিল বৈঠকে বাংলাদেশের বিভিন্ন ব্র্যান্ডের সেরা মানের চা প্রদর্শন ও পরিবেশন করা হয়। এছাড়াও বাংলাদেশ হাইকমিশন যুক্তরাজ্যের পার্লামেন্টের টি রুমের মেনুতে দার্জিলিং এবং আসামের চায়ের পাশাপাশি বাংলাদেশের চা অন্তর্ভুক্ত করার প্রস্তাবনা রাখেন। উল্লেখ্য, বাংলাদেশ হাইকমিশন, লন্ডন ২০২২ সালের জুনের শেষ ১০ দিন অর্থনৈতিক কূটনীতি সপ্তাহ পালন করে। তারই অংশ হিসেবে বাংলাদেশ হাইকমিশন এবং লন্ডন টি এক্সচেঞ্জের অংশীদারিত্বে উক্ত বৈঠক অনুষ্ঠিত হয়।

সম্পাদনা পর্ষদ

প্রধান উপদেষ্টা : মেজর জেনারেল মোঃ আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি; চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড
সম্পাদক : মোহাম্মাদ রুহুল আমীন, সচিব (ভারপ্রাপ্ত)
সহযোগী সম্পাদক : মোঃ রাজিবুল হাসান, জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা
প্রকাশনায় : বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।